



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
ফোন- ০২৯৯৬৬৪১৬৩৪, মোবাইল-০১৭০১-৪৫০৮২০
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com



তারিখ: ০১.০৭.২০২৬খ্রি.

২০২৪ সালের মাস্টার্স শেষপর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

প্রথম ধাপ:

অনলাইনে আবেদন: ২০২৪ সালের মাস্টার্স শেষপর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আগ্রহী শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এ প্রবেশ করে Masters Tab-এ গিয়ে Apply Now (Masters Private) অপশনের মাধ্যমে ০১.০৭.২০২৬ খ্রি. হতে ১৯.০৭.২০২৬ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে আবেদন ফরম পূরণ করে আবেদন ফরমটি ডাউলোড করে (A4 সাইজের কাগজে) প্রিন্ট নিতে হবে। প্রিন্ট নিয়ে মুরারিচাঁদ কলেজ, সিলেট এ “ইশিক্ষা” এর মাধ্যমে Admission Form পূরণ করতে হবে এবং নির্ধারিত ফি আগামী ০২.০৭.২০২৬ খ্রি. থেকে ১৯.০৭.২০২৬ খ্রি. রাত ১২.০০ টা পর্যন্ত জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

দ্বিতীয় ধাপ:

ফি ও আবেদন ফরম জমাদান: শিক্ষার্থীদেরকে প্রিন্ট করা আবেদন ফরমটি নির্ধারিত ফি বাবদ (ইনকোর্স ও ব্যবস্থাপনা ফি সহ) $(১০০০+১৬২০+৩০০+৫০)=২,৯৭০/-$ (দুই হাজার নয়শত সত্তর) টাকা ই শিক্ষার মাধ্যমে পরিশোধ করতে হবে এবং টাকার জমার স্লিপ সংগ্রহ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। কলেজে কোন কাগজপত্র জমা দেওয়া লাগবেনা তবে জরুরী প্রয়োজনে কলেজ হতে যোগাযোগ করলে শিক্ষার্থীকে ইশিক্ষার মাধ্যমে প্রেরিত টাকা জমার স্লিপ, আবেদন ফরম, স্নাতক সম্মান/(পাস)/ ও ১ম পর্ব মাস্টার্স/প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি, দ্বৈত ভর্তি সম্পর্কিত প্রার্থীর অঙ্গিকারনামা কলেজে জমা দিতে হবে।

টাকা জমাদানের ওয়েবসাইট: <http://mccollege.eshiksaems.com> এ গিয়ে নিম্নোক্ত **User Name** ও **Password** দিয়ে ভর্তি কার্যক্রম শুরু করতে হবে।

(User Name: mcstudent, Password: mcstudent দিয়ে **Sign In** করতে হবে।)

খ) এরপর Admission Form এ ক্লিক করতে হবে।

গ) ভর্তি ফরমে চাহিত তথ্যাদি প্রদান করে **Save** বাটন-এ ক্লিক করলে টাকার পরিমাণসহ ভর্তি ফরম আসবে। ভর্তি ফি বিকাশ/রকেট (বিলার Biller ID: 1892)/সোনালী ই সেবা এ প্রদান করতে হবে।

১। আবেদনের যোগ্যতা ও নির্দেশাবলী:

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না।

- খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- গ) আবেদনের যোগ্যতা পূরণ করলে কারাবন্দীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে পারবে।
- ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।
- ঙ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২। রেজিস্ট্রেশনের জন্য বিষয় নিবার্চন:

- ক) বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামী শিক্ষা, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি
- খ) আসন সংখ্যা: প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ জন শিক্ষার্থী আবেদন করতে পারবে।
- গ) দ্বৈত ভর্তি সংক্রান্ত বিষয়ে কোন জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

শিক্ষার্থী কর্তৃক জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আবেদনের শেষ তারিখ: ০১.০৭.২০২৬-১৯.০৭.২০২৬ খ্রি. রাত ১২.০০ টা পর্যন্ত
“ই শিক্ষা”এর মাধ্যমে টাকা জমাদানের তারিখ: ০২.০৭.২০২৬-১৯.০৭.২০২৬ খ্রি. রাত ১২.০০ টা পর্যন্ত


- বিঃদ্র: ১. আবেদনকারীকে অনলাইনে আবেদন করার সময় শিক্ষার্থীর নিজের সচল মোবাইল নম্বর দিতে হবে। ভুল অথবা অন্যকারো মোবাইল নম্বর দেওয়ার কারণে কলেজ কর্তৃপক্ষ যোগাযোগে ব্যর্থ হলে ভর্তি সংক্রান্ত জটিলতায় কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
২. আবেদন সংক্রান্ত যে কোন পরামর্শ নেওয়ার জন্য প্রয়োজনে কলেজের তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে অফিস সময়ের মধ্যে যোগাযোগ করা যেতে পারে।

এছাড়াও বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ২৮.০৬.২০২৩ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তিতে পাওয়া যাবে।

প্রতিস্থাপক

3/25/07/24
অধ্যক্ষ

মুরারিচাঁদ কলেজ, সিলেট


01.07.2026
আহবায়ক

মাস্টার্স শেষপর্ব প্রাইভেট রেজিস্ট্রেশন কমিটি-২০২৪
মুরারিচাঁদ কলেজ, সিলেট